

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ মোকহেদ আলী অতিরিক্ত বিভাগীয় কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৭ জুন ২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২৩) এর সংযোজনী-৭ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন এবং ১.২ কার্যক্রম অংশে পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কমিটির কার্যপরিধি অনুযায়ী কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও আওতাধীন অফিসের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক সভা আয়োজন এবং হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
------------	--------	-----------	----------------

<p>০১।</p>	<p>সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন : সদস্য সচিব, সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া তরাঙ্কিত করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী গত ০৫ মার্চ ২০২৩ তারিখে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়েছে।</p> <p>যেহেতু প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের বিষয়ে উল্লেখ রয়েছে সেহেতু চলতি অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে অর্থাৎ জুন মাসে মধ্যে এ কমিটি যথাযথভাবে পুনর্গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা প্রয়োজন।</p> <p>সদস্য সচিব আরো জানান যে, এ বিভাগের আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করে চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ ও বগুড়া জেলার পরিবীক্ষণ কমিটির তথ্য ওয়েবসাইটে হালনাগাদ পাওয়া যায়নি। রাজশাহী, নাটোর, নওগাঁ, পাবনা ও জয়পুরহাট জেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির তথ্য ওয়েবসাইটে হালনাগাদ পাওয়া যায়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>সভাপতি বলেন যে, কর্মপরিকল্পনা সাঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রতিটি জেলার ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা প্রয়োজন। তিনি এ কার্যালয় ও সকল জেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আহ্বান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।</p>	<p>১। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।</p> <p>২। জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে নিজস্ব ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।</p> <p>৩। এ কার্যালয় ও আওতাধীন সকল জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়ে প্রেরণ ও স্ব স্ব জেলা প্রশাসকের কার্যালয়ের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ</p> <p>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয়</p>
<p>০২।</p>	<p>সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন : সদস্য সচিব সভাকে জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। জুন ২০২৩ মাসের মধ্যেই ৪র্থ ত্রৈমাসিক সভাটি আয়োজন করা প্রয়োজন।</p>	<p>১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা জুন ২০২৩ মাসের মধ্যে আয়োজন করতে হবে।</p>	<p>১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয়</p>

জান্নাতুল নাইম
সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)